

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
মনিটরিং-১ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৯৯.০১৬.০১.০১.০০৫.২০১৩-১৩০৭

তারিখ : ২০-০৬-২০১৬ খ্রিঃ।


বিষয়: উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারীর উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির ত্রয়োদশ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

উপর্যুক্ত বিষয়ে উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারীর উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির ত্রয়োদশ সভা গত ২৩-১২-২০১৫ তারিখে মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার ৩.২ নং সিদ্ধান্তটি নিম্নরূপঃ

"শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উপজেলা পরিষদ কমপ্লেক্স এস্টাবলিশমেন্ট অব উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) এর জন্য নির্মিত ভবনসমূহ যে উদ্দেশ্যে নির্মিত হয়েছিলো সে অনুযায়ী ব্যবহার করা হচ্ছে কিনা তা শিক্ষা মন্ত্রণালয় ও স্থানীয় সরকার বিভাগ মনিটরিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।"

অতএব, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক উপজেলা পরিষদ কমপ্লেক্স এস্টাবলিশমেন্ট অব উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) এর জন্য নির্মিত ভবনসমূহ যে উদ্দেশ্যে নির্মিত হয়েছিলো সে অনুযায়ী ব্যবহার করা হচ্ছে কিনা, সে বিষয়ে একটি প্রতিবেদন আগামী ২৪/০৬/২০১৬ তারিখের মধ্যে ই-মেইলে (e-mail : lgdmonitoring3@gmail.com) ও জরুরী ডাকযোগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।


(শ্রীয়া আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪৬১১

জেলা প্রশাসক
সকল জেলা

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। সিনিয়র সহকারী সচিব, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।